



HM Government

Grenfell
community
updates

Grenfell Tower community update: October 2026 - Bengali / বাংলা

গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) কমিউনিটি আপডেট: অক্টোবর 2026

আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ার এর মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারবর্গের কাছে পবিত্র।

টাওয়ারটি সতর্কতার সাথে নামিয়ে ফেলার কাজের বিষয়ে আমরা আপনাকে সময়ে সময়ে জানাতে চাই।

এই আপডেটে আপনি নিচের বিষয়গুলো সম্পর্কে আরও জানতে পারবেন:

- ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য
- স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বিষয়ক সহায়তা
- আমাদের সাথে যেভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন

আপনি পূর্ববর্তী আপডেট এখানে দেখতে পারেন: www.gov.uk/grenfell-community-updates

ধূলিকণা, কম্পন এবং শব্দ সম্পর্কিত মনিটরিংয়ের তথ্য

গ্রেনফেল টাওয়ার সাইটের সমস্ত কাজ যেন সর্বোচ্চ মান বজায় রেখে সম্পন্ন করা হয়, সরকার তা নিশ্চিত প্রতিশ্রুতিবদ্ধ। কাজের সাথে যুক্ত ব্যক্তিবর্গ এবং স্থানীয় সম্প্রদায়ের নিরাপত্তা ও কল্যাণ সর্বদাই আমাদের নিকট সর্বাধিক অগ্রাধিকার পায়। সাইটে বিশেষ মনিটর স্থাপন করা হয়েছে যা ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রার লাইভ তথ্য সংগ্রহ করছে। এই তথ্যগুলো প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ রিপোর্টগুলো দেখতে নিচের লিঙ্কগুলোতে ক্লিক করুন:

[ধূলিকণা পর্যবেক্ষণ রিপোর্ট 27 জুলাই থেকে 30 আগস্ট 2026](#)

[কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট 27 জুলাই থেকে 30 আগস্ট 2026](#)

[শব্দ পর্যবেক্ষণ রিপোর্ট 27 জুলাই থেকে 30 আগস্ট 2026](#)

গ্রেনফেল টাওয়ারের চারপাশের এলাকায় কাজ চলাকালীন, ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) বায়ুর মান মূল্যায়ন ও পর্যবেক্ষণ অব্যাহত রাখবে। সংস্থাটি প্রতি মাসে তাদের রিপোর্টগুলো প্রকাশ করে থাকে। আপনি সর্বশেষ রিপোর্টটি এখানে গিয়ে দেখতে পারেন:

[গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের পরবর্তী পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK](#)

স্বাস্থ্য ও কল্যাণ সহায়তা

আপনি যদি কারো সাথে কথা বলতে চান, তবে গ্রেনফেল স্বাস্থ্য ও কল্যাণ পরিষেবা হলো শিশু ও প্রাপ্তবয়স্কদের জন্য একটি বিনামূল্যে এবং গোপনীয় জাতীয় স্বাস্থ্য পরিষেবা (NHS)। গ্রেনফেল টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সাথে সরিয়ে ফেলার এই পুরো কাজটা চলাকালীন শোকসন্তপ্ত পরিবার, উত্তরজীবী এবং নিকটস্থ এলাকার বাসিন্দাদের জন্য সহায়তা অব্যাহত থাকবে। আপনি যদি কারো সাথে কথা বলতে চান, তবে আপনি নিচের মাধ্যমগুলো ব্যবহার করতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল ৪টা থেকে রাত ৪টা পর্যন্ত)
- যেকোনো জরুরি প্রয়োজনে নিচের নম্বরে সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন জাতীয় স্বাস্থ্য পরিষেবা (NHS) ফাউন্ডেশন ট্রাস্ট (CNWL)-এর সিঙ্গেল পয়েন্ট অফ অ্যাকসেস অ্যাডভাইস লাইনে কল করুন: 0800 0234 650 (সপ্তাহে সাত দিন ও দিনে 24 ঘণ্টা খোলা থাকে)।
- ইমেল করুন: grenfell.wellbeing.service@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk ওয়েবসাইটে যান।

উপলব্ধ পরিষেবাগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, এখানে যান www.grenfell.nhs.uk

আমাদের সাথে যেভাবে যোগাযোগ করবেন বা বিস্তারিত জানবেন

আমরা আপনার জন্য সহায়ক হয় এমনভাবে তথ্য প্রদান করতে চাই। আমরা এখানে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকবো: www.gov.uk/grenfell-community-updates

এখানে আমাদের ইমেল করুন: GrenfellTowerSite@communities.gov.uk তে:

- আমাদের বা প্রধান ঠিকাদার DCUK-এর সাথে যোগাযোগের সময়সূচী নির্ধারণ করুন।
- টাওয়ারটি ভালোভাবে সরিয়ে ফেলার কাজ নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের জিজ্ঞাসা করুন অথবা আপনার কোনো উদ্বেগ থাকলে আমাদের তা জানান।
- আমাদের নিয়মিত আপডেটগুলো সরাসরি আপনার ইমেলে পেতে আমাদের জানান।
- আপনি চাইলে আপনাদের সাথে আমাদের যোগাযোগ এবং কথপকথনের মাধ্যমগুলো নিয়ে আপনার মতামত আমাদের সাথে শেয়ার করতে পারেন। আমরা আপনার মতামত জানার জন্য আগ্রহী।

গ্রেনফেল টাওয়ার সংক্রান্ত সর্বশেষ আপডেট পেতে এবং ইমেইল নোটিফিকেশনের জন্য সাইন-আপ করতে এই লিংকে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা QR কোড স্ক্যান করুন।



গ্রেনফেল টাওয়ার সাইট ম্যানেজমেন্ট টিম,

মিনিস্ট্রি অফ হাউজিং, কমিউনিটিজ অ্যান্ড লোকাল গভর্নমেন্ট